

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
প্রতিরক্ষা মন্ত্রণালয়
গণভবন কমপ্লেক্স
শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭
www.mod.gov.bd

বিষয়: তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে জনসচেতনতা বৃদ্ধিকরণ বিষয়ক সভার কার্যবিবরণী।


সভাপতি : গোলাম মোঃ হাসিবুল আলম
সিনিয়র সচিব, প্রতিরক্ষা মন্ত্রণালয়
তারিখ : ২৬ সেপ্টেম্বর ২০২৩
সময় : সকাল ১১:০০ টা
স্থান : প্রতিরক্ষা মন্ত্রণালয়ের সম্মেলন কক্ষ
উপস্থিতি : পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা ও স্বাগত জানিয়ে সভাপতি সভার কার্যক্রম শুরু করা হয়। সভাপতি সভাকে তথ্য অধিকার আইন অবহিত করার মাধ্যমে নির্দেশনা প্রদান করেন যে, কর্তৃপক্ষের নিকট থেকে প্রত্যেক নাগরিকের তথ্য লাভের অধিকার থাকবে এবং কোন নাগরিকের আবেদনের প্রেক্ষিতে সংশ্লিষ্ট কর্তৃপক্ষ তাকে তথ্য দিতে বাধ্য থাকবে। প্রকাশযোগ্য সকল তথ্য সকল নাগরিকের জন্য সহজলভ্য করার জন্য বর্তমান সরকার তথ্য অধিকার আইন প্রণয়ন করেছেন যা বাস্তবায়নের দায়িত্ব প্রজাতন্ত্রের সকল কর্মচারীর।

২। সভায় তথ্য অধিকার আইন ও বিধিবিধান সম্পর্কে আওতাধীন সকল দপ্তর/সংস্থার প্রতিনিধিগণকে কোন নাগরিকের চাহিত তথ্য নির্দিষ্ট সময়ের মধ্যে প্রদান করার জন্য নির্দেশনা প্রদান করেন এবং একইসাথে তথ্য সেবা প্রদানে কর্মকর্তাগণকে বিনয়ী হওয়ার জন্যও নির্দেশনা প্রদান করেন। সভাপতির অনুমতিক্রমে প্রতিরক্ষা মন্ত্রণালয়ের তথ্য প্রদানকারী কর্মকর্তা ও সিনিয়র সহকারী সচিব মিঃ নাহিদা পারভীন তথ্য অধিকার আইন অনুযায়ী ২০২৩-২০২৪ অর্থবছরের কর্মপরিকল্পনা বাস্তবায়ন ও নির্দেশিকা নিয়ে আলোচনা করেন।


৩। অতঃপর বিস্তারিত আলোচনান্তে সভায় নিম্নবর্ণিত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

(ক) মন্ত্রিপরিষদ বিভাগের নির্দেশনা অনুযায়ী দপ্তর/সংস্থার তথ্য অধিকার আইন বিষয়ে ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনার ১ম ত্রৈমাসিক প্রতিবেদন যথাযথভাবে বাস্তবায়ন নিশ্চিতপূর্বক আগামী ৪ অক্টোবর ২০২৩ তারিখের মধ্যে প্রমাণকসহ মন্ত্রণালয়ে বাস্তবায়ন অগ্রগতি প্রতিবেদন প্রেরণ করতে হবে;

(খ) তথ্য অধিকার আইন বাস্তবায়ন বিষয়ক সভায় মন্ত্রণালয় এবং আওতাধীন দপ্তর/সংস্থার ফোকাল পয়েন্ট/বিকল্প ফোকাল পয়েন্ট কর্মকর্তাকে উপস্থিত থাকতে হবে; 

(গ) তথ্য অধিকার আইন ২০২৩-২০২৪ কর্মপরিকল্পনার লক্ষ্যমাত্রাসমূহ যথাসময়ের মধ্যে অর্জন নিশ্চিত করতে হবে।

৪। সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


গোলাম মোঃ হাসিবুল আলম
সিনিয়র সচিব
প্রতিরক্ষা মন্ত্রণালয়